# আপনার স্বাস্থ্য পরিচর্যার অধিকারসমুহ

আপনি যদি মেডি-ক্যাল অথবা ডেনটি-ক্যালে নথিভুক্ত হয়ে থাকেন, আপনার অধিকার আছে :

**1** **শ্রদ্ধা ও সম্মানের সাথে চিকিৎসা পাওয়া**

**2** **দন্ত পরিষেবা পাওয়া**
আপনার পছন্দমত তালিকাভুক্ত দন্ত চিকিৎসক দ্বারা

**3** **একজন যোগ্যতাসম্পন্ন অনুবাদকের জন্য অনুরোধ**
বিনামূল্যে

**4** **আপনার বন্ধু বা পরিবারের পরিবর্তে একজন পেশাগত অনুবাদক ব্যবহার করুন**

**5** **যদি আপনার দন্ত চিকিৎসার ও ভাষার প্রয়োজন না পূরণ হয়, কাউকে বলুন**
যে কোন সমস্যা রিপোর্ট করার জন্য আপনি ডেনটি-ক্যালকে ফোন করতে পারেনঃ 1-800-322-6384 অথবা ন্যায়পালের কার্যালয়ে 1-800-452-8609

**6** **একটি বিবেচ্য সময়ের মধ্যে সাক্ষাৎ নির্দিষ্ট করুন**
স্বাস্থ্য পরিচর্যা ব্যাবস্থাপনা বিভাগের অনুসারে ফোন করার সময় থেকে একটি সাক্ষাতের দিন ঠিক করতে হবে

- জরুরি পরিচর্যার সাক্ষাৎ ৩ দিনের মধ্যে দেয়া উচিৎ
- জরুরী নয় এমন সাক্ষাৎ ৩৬ কর্ম দিবসের মধ্যে প্রদান করা উচিৎ
- প্রতিরোধক দন্ত সাক্ষাৎ ৪০ কর্ম দিবসের মধ্যে প্রদান করা উচিৎ

**7** **আপনার দন্ত বিষয়ক প্রয়োজনের সিদ্ধান্ত নিতে অংশগ্রহণ করুন**

**8** **আপনার দন্ত বিষয়ক এবং ব্যাক্তিগত তথ্য গোপনীয় রাখুন**

# মেডি-ক্যালের মাধ্যমে আপনার দন্ত পরিচর্যা

আপনি কি জানতেনঃ

- আপনার দন্ত স্বাস্থ্য আপনার সার্বিক স্বাস্থ্যের সাথে সম্পর্কযুক্ত
- প্রতিরোধ ব্যবস্থা চিকিৎসার চেয়ে শ্রেয়
- যথা সময়ে যত্ন নেওয়ার অর্থ হোল - স্বল্প কষ্ট, স্বল্প ব্যায় এবং আপনার সার্বিক স্বাস্থ্যের স্বল্প ক্ষতিসাধন

প্রাপ্ত বয়স্করা মেডি–ক্যালের মাধ্যমে কি ধরনের দন্ত পরিচর্যা পেতে পারেন, এই ইস্তাহার আপনাকে তার মোটামুটি ধারনা দিতে পারে

**আমাদের সাথে যোগাযোগ করুন**

The Health Consumer Alliance offers free assistance over-the-phone or in-person to help people get the health care services they need.

## Call 1-888-804-3536

প্রযোজনা:


ASIAN AMERICANS ADVANCING JUSTICE LOS ANGELES

JUSTICE IN AGING FIGHTING SENIOR POVERTY THROUGH LAW

CPEHN California Pan-Ethnic Health Network *Advancing health justice and equity for 25 years*

07/2019

# আপনার ডেনটি-ক্যাল ব্যবহার করে




যদি আপনার ফুল স্কোপ মেডি-ক্যাল থাকে, আপনার দন্ত চিকিৎসা কভারেজ মেডি-ক্যালও রয়েছে

**1 একটি সাক্ষাতের সময় ঠিক (এপয়েনটমেনট)করুন**

আপনি এই ওয়েবসাইটে ডেনটি-ক্যাল চিকিৎসকদের একটি তালিকা পেতে পারেন (http://bit.ly/Medi-CalDentist) অথবা ফোন করুন 1-800-322-6384

**2 দন্ত চিকিৎসককে জিজ্ঞাসা করুন, উনি ডেনটি -ক্যাল গ্রহণ করেন কিনা**

ডেনটি-ক্যাল শুধু মাত্র ডেনটি-ক্যাল দন্ত চিকিৎসকের খরচ পরিশোধ করবে যদি আপনি ডেনটি- ক্যাল দন্ত চিকিৎসক নন এমন কারো কাছে যান, সেই চিকিৎসার খরচ আপনাকেই পরিশোধ করতে হবে

**3 একজন যোগ্যতাসম্পন্ন অনুবাদকের জন্য অনুরোধ করুন**

আপনি যদি ভালো ইংরেজি না বলতে পারেন, 1-800-322-5384 নম্বরে ফোন করতে পারেন আপনার দন্ত চিকিৎসক যদি আপনার ভাষায় কথা না বলেন, আপনার দন্ত চিকিৎসক বিনা অর্থের বিনিময়ে আপনার জন্য একজন অনুবাদক যোগান দেবেন

**4 আপনার সাক্ষাতের দিনে**

সাথে নিয়ে আসুন

- বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড (বিআইসি)
- ছবি সম্বলিত আইডি কার্ড অথবা ড্রাইভারস লাইসেন্স
- ডেনটি-ক্যাল প্ল্যান কার্ড, যদি আপনি ডেনটিক্যাল প্ল্যানে যোগ দিয়ে থাকেন

সাক্ষাতের দিন আপনার ব্যাক্তিগত তথ্য বা আপনার পরিবারের অভিবাসন অবস্থান জানানোর প্রয়োজন নেই

**5 পেমেন্ট**

আপনার চিকিৎসককে আপনাকে জানাতে বাধ্য কোন পরিষেবা গুলি ডেনটি-ক্যালের আওতাভুক্ত আর কোন গুলি নয়।ডেনটি-ক্যালের আওতাভুক্ত পরিচর্যার জন্য আপনার চিকিৎসক চার্জ করতে পারবেন না।

**6 পেমেন্ট প্ল্যানের প্রতি মনোযোগ দিন**

ডেনটি- ক্যালের আওতাভুক্ত নয় এমন পরিচর্যার পেমেন্ট করার জন্য কোন কোন দন্ত চিকিৎসালয় একটি পেমেন্ট প্ল্যানে যোগ দিতে অথবা ক্রেডিট কার্ডের মাধ্যমে পরিশোধ করার জন্য প্রভাবিত করতে পারযোগ দেয়ার(সাইন আপ)জন্য চাপ অনুভব করার প্রয়োজন নেইpস্বাক্ষর দেয়ার পূর্বে নিশ্চিত হয়ে নিন যে আপনাকে আপনার ভাষায় সব তথ্য প্রদান করা হয়েছে

**7 আপনার দন্ত চিকিৎসককে জিজ্ঞাসা করুন**

আপনার স্বাস্থ্যের অবস্থা আর চিকিৎসা সম্পর্কিত তথ্য আপনার বোঝা খুব জরুরী আপনার দন্ত চিকিৎসক অথবা চিকিৎসককে এই তিনটি সাধারন প্রশ্ন করুন (আস্ক মি ৩ থেকে)

১) আমার প্রধান সমস্যা কি?
২) আমার কি করা উচিত?
৩) এটা করা কেন এত জরুরী?

# আপনার ডেনটি-ক্যাল এর সুবিধা সমূহ



জানুয়ারি ১, ২০১৮-এর শুরু থেকে, যে প্রাপ্ত বয়স্কদের ফুল স্কোপ মেডি-ক্যাল আছে, মেডিক্যালের মাধ্যমে তারা আরও অধিক সুযোগসুবিধা পাবেন

*গর্ভবতী মহিলারা মেডি-ক্যালের মাধ্যমে (ফুল স্কোপ অথবা গর্ভবতী সম্পর্কিত) পুরোপুরি দন্ত সুবিধাসমূহ পাবে

**1 প্রধান আওতাভুক্ত পরিচর্যা গুলি হল**

- প্রাথমিক পরীক্ষা
- দন্ত পরিষ্কার (প্রোফাইলেক্সিস)
- ফ্লোরাইড চিকিৎসা
- এক্স-রে
- দাঁতের গর্ত পূরণ
- রেডি মেড ক্রাউন [শুধু রেসিন এবং ইস্পাত]
- দন্ত উৎপাটন
- সামনের দাঁতের রুট ক্যানেলস
- সম্পূর্ণ নকল-দাঁতের পাটি গঠন
- সম্পূর্ণ নকল-দাঁতের পাটিগঠনে সেটিং ও মেরামত
- **নুতন! গবেষণাগারে প্রস্তুত ক্রাউন্স**
- **নতুন! পেছনের দাঁতে রুট ক্যানেলস**
- **নতুন! আংশিক নকল-দাঁতের পাটিগঠন (ডেনচারস)**
- **নুতন! আংশিক নকল-দাঁতের পাটিগঠন (ডেনচারস) সেটিং সমন্বয়, মেরামত এবং রিলাইন্ করা**
- **নুতন!দাঁতের মাড়ির চিকিৎসা (স্কেলিং এবং রুট প্ল্যানিং)**

আপনার সার্বিক সুবিধাসমুহ জানার জন্য – https://www.denti-cal.ca.gov এর সাইটে যান অথবা ফোন করুন 1-800-322-6384

**2 ডেনটি-ক্যাল কি পরিমাণ কভার করে?**

ডেনটি-ক্যাল আওতাভুক্ত পরিচর্যার জন্য বছর প্রতি $১৮০০ দেবে আপনার চিকিৎসা করার পূর্বে আপনার দন্ত চিকিৎসক অবশ্যই ডেনটি-ক্যালের কাছে জেনে নেবেন যে আপনি $১৮০০ সীমায় পৌঁছে গেছেন কিনাযদি চিকিৎসাজনিত প্রয়োজন হয়, দন্ত পরিচর্যা $১৮০০ উপরে যেতে পারে

কোন কোন পরিচর্যা $১৮০০ সীমা বিবেচনা করেনা যার মধ্যে নকল-দাঁতের পাটিগঠন, জরুরী পরিচর্যা, গর্ভজনিত পরিচর্যা এবং দীর্ঘ মেয়াদি পরিচর্যা আওতাভুক্

**3 আপনার আপিল করার অধিকার রয়েছে**

পরিচর্যা অস্বীকার করা হলে আপনাকে একটি নোটিশ পাঠানো হবে এবং আপনার আপিল করার অধিকার আছে

**4 যদি আপনার সীমাবদ্ধ স্কোপ মেডি-ক্যাল থাকে**

আপনার যদি সীমাবদ্ধ - স্কোপ থাকে(যাকে জরুরী মেডিক্যালও বলে), শুধু দন্ত উৎপাটন ও জরুরী পরিষেবা (যেমন অত্যন্ত গভীর ব্যাথা, ভেঙ্গে যাওয়া দাঁত, মুখ অভ্যন্তরে অনিয়ন্ত্রিত রক্তপাত, ইত্যাদি) এই বীমার আওতাভুক্ত